

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫২
আগরতলা, ১ অক্টোবর, ২০১৮

গান্ধী জয়ন্তীতে মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন

গান্ধী জয়ন্তীতে জাতিরজনক মহাত্মা গান্ধীর প্রতি আন্তরিক শ্রদ্ধা জানিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। মুখ্যমন্ত্রী বলেন, সারা জীবন বাপুজী যে মূল্যবোধ ও নীতিকে পাথেয় করেছেন তার উপর ভিত্তি করেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের উন্নতিতে নতুন ভারত তৈরির অনুপ্রেরণা পেয়েছেন। মুখ্যমন্ত্রী ত্রিপুরাবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন, তারা যেন আন্তরিকভাবে স্বচ্ছ ত্রিপুরা, স্বচ্ছ ভারত গঠন করতে স্বচ্ছতা-হি সেবা কর্মসূচিতে অংশ নেন। মহাত্মা গান্ধীর সার্থশতবর্ষে তাঁকে শ্রদ্ধা জানানোর এটাই হবে শ্রেষ্ঠ পথ।
